বাংলাদেশ অভ্যন্তরীন নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিষ্কার।

# নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৩/২০২০

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/ ১৭৭৭ তারিখ-০৪/১০/২০২০খ্রিষ্টাব্দ।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত ০৪(চার) ক্যাটাগরির ১৮টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | বয়স সীমা | শূন্য পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | সহকারী প্রকৌশলী | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০৪ | পুর-কৌশল অথবা পানি সম্পদ এ স্নাতক প্রকৌশলী অথবা একই বিষয়ে এ, এম, আই, ই হতে সার্টিফিকেট। | |
| ০২। | উপ-সহকারী প্রকৌশলী (পুর-কৌশল) এষ্টিমেটর (সিভিল) | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০৩ | অনুমোদিত প্রতিষ্ঠান হতে পুর-কৌশলে ডিপ্লোমাধারী প্রকৌশলী হতে হবে। | |
| ০৩। | সহকারী কারিগরী কর্মকর্তা (জাহাজ /মেরিন), তত্ত্বাবধায়ক (ডিজেল/ নির্মান), যান্ত্রিক/জাহাজ নির্মান তত্ত্বাবধায়ক, উর্দ্ধতন কারিগরী সহকারী (যান্ত্রিক/ ডিজেল/জাহাজ নির্মান), এষ্টিমেটর এবং উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/মেরিন)। | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত টাকা ১৬,০০০-৩৮৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০২ | যে কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে নৌ-প্রযুক্তি কিংবা যন্ত্র প্রকৌশলে ডিপ্লোমা। | |
| ০৪। | গাড়ীচালক | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০৯ | অষ্টম শ্রেণী পাসসহ মটরগাড়ী চালনার লাইসেন্স এবং ০৩ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | |

০২। ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।

০৩। আগ্রহী প্রার্থীদেরকে ২৫/১০/২০২০ তারিখ পর্যন্ত শুধুমাত্র www.jobsbiwta.gov.bd এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।

০৪। আবেদন করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী www.jobsbiwta.gov.bd সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ক্রমিক-০১-০৩ এ বর্ণিত পদের জন্য ৩২০(তিনশত বিশ) টাকা এবং ক্রমিক-০৪ এ বর্ণিত পদের জন্য ২১৫/-(দুইশত পনেরো) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

০৫। আবেদনকারীগণকে নিজ নিজ Applied ID ব্যবহার করে www.jobsbiwta.gov.bd ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।

০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।

০৭। চাকুরীরত প্রার্থীগণ-কে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।

০৮। বিআইডব্লিউটিএ'র অভ্যন্তরীণ নৌ-পথের ৫৩টি রুটে ক্যাপিটাল ড্রেজিং (১ম পর্যায়েঃ ২৪টি নৌ-পথ) খনন শীর্ষক প্রকল্প, ১০টি ড্রেজার, ক্রেনবোট, টাগবোট, অফিসার হাউজবোট এবং ক্রু-হাউজবোট সহ অন্যান্য সরঞ্জামাদি/যন্ত্রপাতি সংগ্রহ শীর্ষক প্রকল্প, ১২টি গুরুত্বপূর্ণ নৌ-পথের খনন শীর্ষক প্রকল্প এবং ২০টি ড্রেজার সহায়ক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ শীর্ষক প্রকল্পে কর্মরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য।

০৯। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়স ৩০(ত্রিশ) বৎসর।

১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১৩। প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহনের অধিকার সংরক্ষণ করেন।

৪/১০/২০২০
(এস এম শাহেদ রেজা)
যুগ্ম-পরিচালক(সংস্থাপন)
বিআইডব্লিউটিএ, ঢাকা।